ভোরের কাগজ

13

তারিখ ... SEP. 6 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

# দিনাজপুরে প্রস্তাবিত বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হাজী দানেশের নামেই হবে

দিনাজপুর প্রতিনিধি : দিনাজপুরের প্রস্তাবিত বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হাজী মোহাম্মদ দানেশের নামেই হবে। বিএনপিসহ মহলবিশেষ ঘোলা জলে মৎস্য শিকার করার জন্য নামকরণ নিয়ে অহেতুক বিতর্ক সৃষ্টি করছে।

৪ সেপ্টেম্বর বিকালে স্থানীয় প্রেসক্লাব ভবনে দিনাজপুর জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ এক সংবাদ সম্মেলনে উপরোক্ত অভিযোগ করেন। আগামী ১১ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। আওয়ামী লীগ নেতৃবৃন্দ বলেন, দিনাজপুরের সার্বিক উন্নয়নে বর্তমান সরকার সজাগ ও যত্নবান। হাজী মোঃ দানেশ কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ন্যায়সঙ্গত বলে গ্রহণ করেছেন। কোনো নাম পরিবর্তন করা হচ্ছে না অথচ বিএনপিসহ মহলবিশেষ অযথা দায়িত্বহীনতার পরিচয় দিয়ে ঘোলা জলে মৎস্য শিকার করছে।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সভাপতি আমজাদ হোসেন, সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান এমপি, মহিলা সাংসদ ভারতী নন্দী সরকার, সাবেক এমপি আব্দুর রহিম, আলতাফুজ্জামান মিতা প্রমুখ।